চট্টগ্রামে সড়কে তিন বছরে প্রাণ হারাল ৫৫৪ জন

written by Chandradip News24 | December 15, 2024

চট্টগ্রামের নগরীর সড়কে ২০২১ থেকে ২০২৩ সাল পর্যন্ত সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৫৫৪ জন। তিন বছরে ৩৬২টি দুর্ঘটনায় এই প্রাণহানি ঘটেছে। বিশেষজ্ঞদের মতে, সড়কে মৃত্যুর এই মিছিল থামাতে যানবাহনের গতিসীমা নিয়ন্ত্রণের বিকল্প নেই।

আজ (১৫ ডিসেম্বর) ওয়ার্ল্ড ডে অফ রিমেমব্রান্স ফর রোড ট্রাফিক ভিকটিমস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) আয়োজিত গোলটেবিল আলোচনায় এ তথ্য তুলে ধরা হয়। অনুষ্ঠানে চট্টগ্রাম শহর রোড সেফটি রিপোর্ট ২০২১-২৩ প্রকাশ করা হয়।

চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন প্রধান অতিথির বক্তব্যে বলেন, সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজন সমন্বিত পরিকল্পনা। সিটি কর্পোরেশন, পুলিশ, বিআরটিএ ও সিডিএ একসঙ্গে কাজ করলে সড়কের শৃঙ্খলা ফিরিয়ে আনা সম্ভব।

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার আসফিকুজ্জামান আক্তার সড়কে চালকদের প্রতিযোগিতা বন্ধের ওপর জোর দেন। অন্যদিকে সড়ক নিরাপত্তা আন্দোলনের ইলিয়াস কাঞ্চন জানান,

ব্যাটারিচালিত রিকশাগুলোকে নিয়ন্ত্রণে এনে চালকদের প্রশিক্ষণ ও লাইসেন্সের আওতায় আনতে হবে।

বিআইজিআরএস-এর কারিগরি পরামর্শক আমিনুল ইসলাম বলেন, অতিরিক্ত গতি সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ। বিআরটিএ ‘যানবাহনের গতিসীমা নির্দেশিকা ২০২৪’ বাস্তবায়ন করলে দুর্ঘটনা রোধ সম্ভব।

অনুষ্ঠানে চট্টগ্রাম রোড সেফটি রিপোর্ট ২০২১-২৩ উপস্থাপন করেন বিআইজিআরএস-এর সার্ভেইল্যান্স কো-অর্ডিনেটর কাজী সাইফুন নেওয়াজ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন চসিকের প্রধান প্রকৌশলী আবুল কাশেম।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিএমপি’র উপ-পুলিশ কমিশনার মাহবুব, বিআরটিএ চট্টগ্রামের উপ-পরিচালক সৈয়দ আইনুল হুদা, এবং বিআইজিআরএস-এর বিভিন্ন কর্মকর্তারা।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম